

জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স (৩৬০ ঘন্টা) ৬ ও ৩ মাস মেয়াদি
কোর্সের (জুলাই-ডিসেম্বর, অক্টোবর-ডিসেম্বর ২০২০ এবং জানুয়ারি-মার্চ ২০২১ সেশন)
পরীক্ষার বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে অত্র বোর্ডের জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স (৩৬০ ঘন্টা) ৬ মাস ও ৩ মাস মেয়াদি কোর্সের (জুলাই-ডিসেম্বর, অক্টোবর-ডিসেম্বর ২০২০ এবং জানুয়ারি-মার্চ ২০২১ সেশন) ২০২০ এবং ২০২১ সনের চূড়ান্ত লিখিত পরীক্ষা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি ও নিরাপদ শারিরিক দূরত্ব বজায় রেখে আসন বিন্যাস নিশ্চিত করে আগামী ১০ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ শুক্রবার সকাল ১০.০০ টায় বোর্ড কর্তৃক নির্বাচিত পরীক্ষাকেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। ব্যবহারিক পরীক্ষা আগামী ১০ ও ১১ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীর সংখ্যা ও ল্যাবের সুবিধাদির উপর বিবেচনা করে শুধু কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন (কোড-০৭৬) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা বোর্ডকে অবহিত করে ১২ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখে নেওয়া যাবে।

- ১। যে সকল পরীক্ষার্থী ২০২০, ২০২১ সনের (জুলাই-ডিসেম্বর, অক্টোবর-ডিসেম্বর ২০২০ এবং জানুয়ারি-মার্চ ২০২১ সেশন) জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স (৩৬০ ঘন্টা) ৬ ও ৩ মাস মেয়াদি পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন করেছেন শুধুমাত্র তারাই ১০ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২। উত্তরপত্রের কভার পেজ OMR (লিখো কোড) শীট যুক্ত হবে। (জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স ৩৬০ ঘন্টা মেয়াদি কোর্সের তাত্ত্বিক বিষয়ের জন্য শুধু মাত্র নির্ধারিত উত্তর পত্র ব্যবহৃত হবে)। নতুন প্রবিধান ২০১৬ অনুযায়ী চূড়ান্ত লিখিত পরীক্ষায় সর্বমোট ৬০টি প্রশ্ন থাকবে। এর মধ্যে ১০টি প্রশ্ন কমিউনিকেশন ইংরেজি। চূড়ান্ত লিখিত পরীক্ষার সময় ১ ঘন্টা এবং চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষার সময় ৩ ঘন্টা। সকল অংশে পাশ নম্বর হবে ৬০%।

পরীক্ষায় অংশগ্রহণকারী সকল ছাত্রী/ছাত্রী কে আগামী ৫ সেপ্টেম্বর ২০২১ ইং রোবিবার সানমুন কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা যাচ্ছে-

আদেশক্রমে

পরিচালক

সানমুন কম্পিউটার/ডারকো কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র।